

স্মারক নম্বর: ৪১.০১.১০৩৩.০০০.০৬.০১৬.২৩.২৯৭

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০
১২ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির মৃত বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের স্থলে নীতিমালা অনুযায়ী যোগ্য উপকারভোগী নির্বাচন করে তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ৪১.০১.০০০০.০৪৯.২৭.০২৮.২১.৬৮৯ তারিখ: ১২.০৯.২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়ার আওতায় ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তিতে আপনার ইউনিয়নের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে যারা মৃত্যুবরণ করেছেন তাদের পরিবর্তে নীতিমালা অনুযায়ী যোগ্য উপকারভোগী নির্বাচন করে নিম্নোক্ত ছক মোতাবেক তালিকা আগামী ২১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য যে, প্রতিস্থাপনের জন্য উপকারভোগী নির্বাচনের সময় ভাতা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদনকারীদের অগ্রাধিকার দিতে হবে।

“ছক”

২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির ভাতা প্রতিস্থাপনের তালিকা

ইউনিয়ন:

ক্র. নং	মৃত ভাতাভোগীর নাম এবং পিতা/স্বামীর নাম	MIS ID ও বই নং	গ্রাম ও ওয়ার্ড	মৃত্যুর তারিখ	প্রতিস্থাপিত ভাতাভোগীর নাম ও পিতার নাম	NID নং ও জন্ম তারিখ	গ্রাম ও ওয়ার্ড	নগদ মোবাইল হিসাব নং	মন্তব্য

যে সকল তথ্য সংযুক্ত করতে হবে:

- ১। রেজুলেশন
- ২। সংযুক্ত ছক মোতাবেক প্রতিস্থাপনের তালিকা
- ৩। প্রতিস্থাপনকৃত ব্যক্তিদের NID কার্ডের ফটোকপি
- ৪। মৃত ভাতাভোগীর ডিজিটাল মৃত্যু সনদ
- ৫। কোনো ওয়ার্ড/লিঙ্গ যোগ্য উপকারভোগী না পেলে ওয়ার্ড/লিঙ্গ পরিবর্তন করলে আবশ্যিকভাবে চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র দিতে হবে।
- ৬। বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে বিধবার ক্ষেত্রে স্বামীর মৃত্যু সনদ, তালাকপ্রাপ্তার ক্ষেত্রে তালাকনামা এবং স্বামী কর্তৃক নির্যাতিত হয়ে দীর্ঘদিন স্বামীর সাথে বসবাস করেন না এবং স্বামী তার ভরণপোষন প্রদান করেন না এমন ক্ষেত্রে সংশ্লিষ্ট চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র থাকতে হবে।
- ৭। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে আবশ্যিকভাবে সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে।

সংযুক্তি:

- ১। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদনকারীদের তালিকা।



(মোঃ ফিরোজশাহ)

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন: ০২৫৮৯১১১১২৪

ই-মেইল: usso.dhubchanchia@dss.gov.bd

চেয়ারম্যান

..... ইউনিয়ন পরিষদ


দুপচাঁচিয়া, বগুড়া

স্মারক নম্বর: ৪১.০১.১০৩৩.০০০.০৬.০১৬.২৩.২৯৭

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০
১২ সেপ্টেম্বর ২০২৩

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া
- ৫। অফিস কপি



(মোঃ ফিরোজশাহ)

উপজেলা সমাজসেবা অফিসার